



দুই দেশের জনগণের স্বার্থে ভারত সফরে যাবেন তারেক রহমান: দীনেশ



ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ও ভারতের জনগণের স্বার্থ বিবেচনায় প্রধানমন্ত্রী তারেক রহমান ভারত সফরে যাবেন বলে আশা প্রকাশ করেছেন ঢাকায় নিযুক্ত ভারতের হাইকমিশনার দীনেশ ত্রিবেদী।

বুধবার (২ সেপ্টেম্বর) স্পিকার ও ডেপুটি স্পিকারের সঙ্গে সাক্ষাৎ শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে দীনেশ ত্রিবেদী বলেন, এ বিষয়ে দুই দেশের মধ্যে আলোচনা চলছে। বাংলাদেশ ও ভারতের জনগণের সম্পর্ক আরও শক্তিশালী করতে আলোচনা অব্যাহত থাকবে। দুই দেশের মধ্যে একটি ফ্রেন্ডশিপ গ্রুপ গঠনের বিষয়েও কাজ করা প্রয়োজন বলে তিনি জানান।

স্পিকার ও ডেপুটি স্পিকারের ভারত সফর প্রসঙ্গে ভারতীয় হাইকমিশনার বলেন, তাদের দুজনকেই ভারত সফরের আমন্ত্রণ জানানো হয়েছে।

বর্তমান স্পিকারের প্রশংসা করে তিনি বলেন, স্পিকার একজন অত্যন্ত অভিজ্ঞ রাজনীতিবিদ। তিনি ভালো ফুটবলারও।

দীনেশ ত্রিবেদী জানান, সাক্ষাতে বাংলাদেশ ও ভারতের সংসদীয় সম্পর্ক নিয়ে আলোচনা হয়েছে। দুই দেশের সংসদ কীভাবে একসঙ্গে কাজ করতে পারে এবং দুই দেশের জনগণের সম্পর্ক আরও কীভাবে এগিয়ে নেওয়া যায়, তা নিয়েও কথা হয়েছে।

দুই দেশের মধ্যে আলোচনা চলতে থাকবে বলেও জানান ভারতের হাইকমিশনার। তিনি বলেন, আলোচনা চলমান থাকাটাই গণতন্ত্রের অংশ।